

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
দেবীগঞ্জ, পঞ্চগড়।
www.fisheries.debijanj.panchagarh.gov.bd

নং - ৩৩.০২.৭৭৩৪.৫০১.০০০.৩৬.০০০১.২৬.১২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৯ ফেব্রুয়ারি ২০২৬


বিষয়: জাতীয় মৎস্য পদক-২০২৬ এর মনোনয়ন প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা মহোদয়ের ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখের ৩১.০২.০০০০.১২০,০২.০৪২.২৫-৪৭ সংখ্যক স্মারক মূলে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেণিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ “জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ অনুসারে পরিচালিত হবে। জাতীয় মৎস্য পদক-২০২৬” এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিকা বর্ষ ২০২৫ খ্রিষ্টাব্দ (জানুয়ারী-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে। জাতীয় মৎস্য পদক-২০২৬ এর মনোনয়নের জন্য আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৬ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড় বরাবর আবেদন করার অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. জাতীয় মৎস্য পদক প্রদানের জন্য উল্লেখিত পদকের নীতিমালার আওতায় অনুচ্ছেদ-৪ এ বর্ণিত বিভিন্ন ক্ষেত্রে প্রার্থী মনোনয়নের জন্য মাছের রেণু/পোনা/মাছ উৎপাদনের মৎস্যচাষী, মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ এবং মৎস্যসম্পদ উন্নয়নে ব্যক্তি/ প্রতিষ্ঠান/সমবায় সমিতি/কর্মকর্তা/কর্মচারী আবেদন করতে পারবে।
২. আগ্রহী প্রার্থীগণ আবেদনের সময় দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, প্রতিষ্ঠানের নামে অনুমোদিত ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, ভাউচার, চালান, আয় ব্যয়ের রেজিস্টার এবং আবেদনপত্রে মোবাইল নম্বরসহ আবেদন করতে হবে।
৩. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান একবার জাতীয় মৎস্য পদক প্রাপ্ত হলে পরবর্তী ০৫ (পাঁচ) বছর একই ক্ষেত্রে পদকের জন্য বিবেচিত হবেন না।
৪. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে পণ্যের মান সম্পর্কে কোন অভিযোগ থাকলে তিনি মনোনয়নের জন্য বিবেচিত হবেন না।
৫. প্রার্থীর আবেদন প্রাপ্তির পর উপজেলা কমিটি প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করবেন। প্রদত্ত তথ্যাদি অনুমোদিত মানদণ্ডের ভিত্তিতে যাচাই করে পদকের জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। এ পদক সংক্রান্ত কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।
৬. মৎস্য পদকের জন্য মনোনয়ন পাওয়ার যোগ্যতা এবং পদক সংশ্লিষ্ট সকল কার্যক্রম “জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ অনুসারে বাস্তবায়িত হবে।



০২/২৬
(রতন কুমার বর্মন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
দেবীগঞ্জ, পঞ্চগড়।

নং- ৩৩.০২.৭৭৩৪.৫০১.০০০.৩৬.০০০১.২৬.১২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২
১৯ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড়।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড়।
- ৩। সংশ্লিষ্ট নথি।


০২/২৬
উপজেলা মৎস্য কর্মকর্তা
দেবীগঞ্জ, পঞ্চগড়।